দামুড়হুদা পুরাতন বাস্তপুর ঐতিহ্যবাহী গাদি খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামে হারিয়ে যাওয়া ঐতিহ্যবাহী গাদি খেলা অনুষ্ঠিত হয়েছে। খেলায় ৮ টি দল অংগ্রহন করেন। আজ শনিবার পুরাতন বাস্তবপুর গাদি একাদশ ক্লাবের আয়োজনে এই খেলা অনুষ্ঠিত হয়।

খেলার প্রথম দিনের চারটি দল অংশগ্রহণ করেন কুষ্টিয়া কুমারখালী একাদশ, কুষ্টিয়া দৌলতপুর একাদশ, মেহেরপুর গাংনী একাদশ, পুরাতন বাস্তপুর একাদশ।

কুষ্টিয়া কুমারখালী একাদশ বনাম পুরাতন বাস্তপুর একাদশ ও কুষ্টিয়া দৌলতপুর একাদশ বনাম মেহেরপুর গাংনী একাদশ খেলা অনুষ্ঠিত হয়। উভয় দলকে হারিয়ে খেলার প্রথম রাউন্ডে কুষ্টিয়া দৌলতপুর একাদশ ও পুরাতন বাস্তবপুর একাদশ চ্যাম্পিয়ন হয়।

পুরাতন খেলা নতুন করে জাগ্রত হওয়ায় এলাকার আবালবৃদ্ধ সকলে খেলা দেখার জন্য ভিড় জমায়।গাদি খেলাটি পরিচালনা করেন আক্তারুজ্জামান লাভলু ও আবুল বাসার।

দামুড়হুদায় ফেন্সিডিলসহ পুরাতন বাস্তপুরের হাসান আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ১২ বোতল ফেন্সিডিলসহ একজনকে আটক করেছেন।

আটকৃত হাসান আলি(৩০) পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে।গতকাল রবিবার রাত সাড়ে ১০ টার দিকে হাউলী জয়রামপুর ফকিরপাড়া পাকা রাস্তার উপর থেকে ১২ বোতল ফেন্সিডিলসহ তাকে আটক করা হয়।

জানাযায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির

এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে এস আই আসাদুজ্জামান আসাদ, এ এস আই মহানন্দ সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে হাসান আলিকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ১২ বোতল ফেন্সিডিল উদ্ধার করে।

দামুড়হুদা মডেল থানায় তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদার পুরাতন বাস্তপুর গ্রামে জলাবদ্ধতা নিরসনে উপজেলা চেয়ারম্যান

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের পুরাতন বাস্তপুর গ্রামের পলাশ পাড়ার বাসিন্দাদের জলাবদ্ধতায় আটকে থাকা পানি নিষ্কাশনের সমাধান ও দ্রুত ড্রেনেজ ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নিলেন উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

গতকাল শুক্রবার বেলা ৫টার দিকে তিনি পানি আটকে থাকার স্থান সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে তাৎক্ষণিক ভাবে তিনি পানি নিষ্কাশন এর জন্য শ্যালো মেশিন দিয়ে পানি সেকে বাইরে বের করে দিয়ে এর সমাধান করে দেন। সেই সাথে গ্রামবাসীর যেন চলাফেরা বা কাজকর্মে কোন প্রতিবন্ধকতা তৈরি না হয় তার জন্য স্থায়ীভাবে পানি নিষ্কাশনের জন্য দ্রুত ড্রেনেজ ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নেন।

হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি সিরাজ বলেন, এখানে প্রায় দুই মাস পানি আটকে আছে। খবর পেয়ে দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু ঘটনাস্থলে এসে শ্যালো মেশিন দিয়ে পানি থেকে বাইরে ফেলে দেন এবং আগামী এক মাসের মধ্যে স্থায়ীভাবে ড্রেনেজ ব্যবস্থা করে দেবেন বলে জানিয়েছেন।

এ সময় উপস্থিত ছিলেন ছাত্রলীগ নেতা অপু সরকার, সবুজ। স্থানীয় বাসিন্দা আবু তালেব, শহিদুল ইসলাম, মিজানুর রহমান সহ স্থানীয়